



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/৭৫১

তারিখ: ০৮/০৪/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে ভর্তির সময় বৃদ্ধি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ A,B ও C ইউনিটের বিভাগসহ ৪র্থ মেধা তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির সময় বৃদ্ধি করা হয়েছে।

৪র্থ মেধা তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ আগামী ৯ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে ভর্তির জন্য সংশ্লিষ্ট অনুষদ থেকে অফিস চলাকালীন সময়ে (৯টা থেকে ৪টা) স্ব-শরীরে উপস্থিত হয়ে ভর্তি ফরম সংগ্রহ করে বিভাগের মাধ্যমে ভর্তি সম্পন্ন করতে হবে। ভর্তির জন্য পূরণকৃত ফরমের সাথে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের মূলকপি প্রদর্শন সাপেক্ষে উহার এক কপি ফটোকপি, এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট, সদ্য তোলা পাসপোর্ট আকারের চার কপি সত্যায়িত রঞ্জন ছবি জমা দিতে হবে।

শিক্ষার্থীদেরকে ভর্তি ফি বাবদ ১৪ হাজার ৬০০ টাকা ব্যাংকে জমা দিতে হবে। এছাড়াও ডীন অফিসের উন্নয়ন ফি ও বিভাগের উন্নয়ন ফি প্রদান করতে হবে। মাইগ্রেশনপ্রাপ্ত শিক্ষার্থীদের ক্যাপাসে আসার দরকার নেই।

উল্লেখ্য, কুবি ওয়েবসাইট <https://cou.admission-aid.com> লিংকে ক্লিক করে ভর্তিচ্ছুরা স্ব স্ব প্যানেলে প্রবেশ করে তাদের ফল দেখতে পারবে। এছাড়াও শিক্ষার্থীদেরকে মোবাইলে মেসেজ পাঠানো হয়েছে।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস শুরু হবে আগামী ১২ এপ্রিল, ২০২৬ তারিখ রবিবার।

ভর্তি সংক্রান্ত যে কোন আপডেট তথ্য সংশ্লিষ্ট ওয়েবসাইট <https://cou.admission-aid.com> ও বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজ <https://www.facebook.com/comillauniversityofficial> থেকে জানা যাবে।

(মোহাম্মদ এমদাদুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি।